গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সাতক্ষীরা মেডিকেল কলেজ, সাতক্ষীরা।
অধ্যক্ষের কার্যালয়
www.satkhiramc.gov.bd

স্মারক নম্বর: সামেক/সাত/শাখা-১/২০২৩/১৮৬৭

তারিখ : ২৩ কার্তিক ১৪৩০ / ০৮ নভেম্বর ২০২৩

**"নিয়োগ বিজ্ঞপ্তি"**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, পারসোনাল-১ অধিশাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর স্মারক নং- ৫৯.০০.০০০০.১০৯.১১.০২৯.১৯-১০১৯, তারিখ-০২-১০-২০২৩ খ্রিঃ অনুযায়ী প্রাপ্ত ছাড়পত্রের ভিত্তিতে সাতক্ষীরা মেডিকেল কলেজ, সাতক্ষীরায় রাজস্বখাতে নিম্নোক্ত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্নলিখিত শিক্ষাগত যোগ্যতা ও শর্ত সাপেক্ষে http://smc.teletalk.com.bd ওয়েবসাইটে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে। সরাসরি আবেদন কোনক্রমেই গ্রহণযোগ্য নয়।

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | দরখাস্ত গ্রহণের জন্য নির্ধারিত শেষ তারিখে বয়স সীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যেসব জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ক | খ | গ | ঘ | ঙ | চ |
| ১ | মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাব) গ্রেড- ১১ ১২৫০০-৩০২৩০ | ০৩ (তিন) টি অস্থায়ী | অনূর্ধ্ব ৩০ বছর | (ক) কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে মেডিকেল টেকনোলজি (ল্যাব) এ ডিপ্লোমা ডিগ্রি। | + সাতক্ষীরা জেলা ব্যতীত সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। (তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন) |
| ২ | কম্পিউটার অপারেটর গ্রেড- ১৩ ১১০০০-২৬৫৯০ | ০১ (এক) টি অস্থায়ী | অনূর্ধ্ব ৩০ বছর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হইতে হইবে। | |
| ৩ | সহকারী লাইব্রেরিয়ান গ্রেড-১৪ ১০২০০-২৪৬৮০ | ০১ (এক) টি অস্থায়ী | অনূর্ধ্ব ৩০ বছর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা ডিগ্রি এবং<br>(গ) কম্পিউটার চালনায় দক্ষতা;<br>অথবা<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞান বা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা। | |
| ৪ | ক্যাশিয়ার গ্রেড- ১৬ ৯৩০০-২২৪৯০ | ০১ (এক) টি অস্থায়ী | অনূর্ধ্ব ৩০ বছর | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা। | |
| ৫ | ডাটা এন্ট্রি অপারেটর গ্রেড- ১৬ ৯৩০০-২২৪৯০ | ০২ (দুই) টি অস্থায়ী | অনূর্ধ্ব ৩০ বছর | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ ও ইংরেজিতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হইতে হইবে। | |
| ৬ | অফিস সহায়ক গ্রেড- ২০ ৮২৫০-২০০১০ | ১৮ (আটারো) টি অস্থায়ী | অনূর্ধ্ব ৩০ বছর | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | †সাতক্ষীরা জেলা ব্যতীত সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। (তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন) |

শর্তাবলি:

১। ০১/১১/২০২৩ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বছর হঁতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কণ্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর । বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নহে।

২। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি :**

ক। পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://smc.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৪/১১/২০২৩ইং তারিখ সকাল ১০:০০ টা।

খ। Online এ আবেদনপত্রে জমাদানের শেষ তারিখ ও সময়: ১৩/১২/২০২৩ইং তারিখ বিকাল ৫.০০ টা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্তগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বায়াত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিবেন।

গ। Online আবেদনপত্রে প্রার্থীর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ ৬০ KB হতে হবে।

ঘ। Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সব কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সব তথ্যে ও সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঙ। প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

চ। SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online এ আবেদনপত্র (Application Form) যথাযথ পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থীগণ একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত ১টি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে এসএমএস করে ১ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ ৩৫.০০ টাকা মোট ৩৩৫/- (তিনশত পঁয়ত্রিশ) টাকা, ২-৫ নং ক্রমিকের জন্য ২০০/- (দুইশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ ২৩.০০ টাকা মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা এবং ৬ নং ক্রমিকের জন্য ১০০/- (একশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ ১২.০০ টাকা মোট ১১২/- (একশত বার) টাকা এসএমএস করে অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, Online আবেদনপত্রের সব অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা দেয়া না পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

**পরীক্ষার ফি প্রদানের প্রক্রিয়া:-**

প্রথম SMS: SMC <space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: SMC ABCDEF
Reply: Applicant's name, Tk. 335/223/112 will be charged as application fee. Your PIN is XXXXXXXXXX.
To pay fee type SMC <space> Yes <space> PIN and send to 16222 নম্বরে।

দ্বিতীয় SMS: SMC <space> Yes <space> Pin লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: SMC YES XXXXXXXXXX

Reply: Congratulations Applicant's name, payment has been completed successfully for the post name of SMC User ID is (ABCDEF) and password is (XXXXXXXXX)

ছ। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://smc.teletalk.com.bd এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

জ। SMS এ প্রেরিত User ID এবং password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

ঝ। শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, password পুণরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে SMC <space> Help <space> User <space> User ID and Send to 16222.
Example: SMC HELP USER ABCDEF.
(ii) Pin Number জানা থাকলে SMC <space> Help <space> PIN <space> Pin No and Send to 16222.
Example: SMC HELP PIN 12345678.

ঞ। Online এ আবেদন করতে কোন সমস্যা হলে vas.query@teletalk.com.bd ই-মেইলে অথবা যেকোন টেলিটক নাম্বার থেকে কল করুন ১২১ নাম্বারে।

৩। সরকার নির্ধারিত বিশেষ কোটার চাকুরী প্রার্থীকে ঐ কোটায় চাকুরীর যোগ্যতা সংক্রান্ত সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে।

৪। মৌখিক পরীক্ষার সময় সব সনদপত্রের মূলকপি অবশ্যই প্রদর্শন করিতে হবে এবং পূরণকৃত Applicant's User ID সহ সকল সনদপত্রের সত্যায়িত ০১ (এক) সেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া প্রার্থীর সদ্যতোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত

রঙ্গিন ছবি মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে। জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণ হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং আবেদনকারী বীর মুক্তিযোদ্ধার পুত্র-কণ্যা/বীর মুক্তিযোদ্ধার পুত্র-কণ্যার পুত্র-কণ্যা হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধার পুত্র-কণ্যা/বীর মুক্তিযোদ্ধার পুত্র-কণ্যার পুত্র-কণ্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

৫। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৬। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।

৭। নিয়োগ বিজ্ঞপ্তি পত্রিকা ছাড়াও সাতক্ষীরা মেডিকেল কলেজের ওয়েবসাইট www.satkhiramc.gov.bd তে পাওয়া যাবে।

৮। নিয়োগ বিজ্ঞপ্তিতে শূন্য পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি বা বাতিল/প্রত্যাহার ও সংশোধনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করবেন।

৯। শূন্য পদ পূরণে কোটা সম্পর্কিত প্রচলিত সরকারী নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হবে।

† বর্তমানে পদায়িত সাতক্ষীরার স্থায়ী নাগরিক কর্মচারী কর্তৃক পদগুলি পূর্ণ থাকায় সাতক্ষীরা জেলার কোটা ইতোমধ্যে পরিপূর্ণ।

১০। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১। নিয়েগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংশ্লিষ্ট বিধি-বিধান কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

১২। নিয়োগ সম্পর্কিত যেকোন সর্বশেষ তথ্য www.satkhiramc.gov.bd এ পাওয়া যাবে।

* অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম হতে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
* শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।
* নিয়োগ সংক্রান্ত বিষয়ে প্রতারকচক্রের সাথে কোনও প্রকার যোগাযোগ অথবা আর্থিক লেনদেন হতে বিরত থাকার জন্য সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

Ruddus.
08.11.23

(অধ্যাপক ডাঃ মোঃ রুহুল কুদ্দুছ)
অধ্যক্ষ
সাতক্ষীরা মেডিকেল কলেজ, সাতক্ষীরা।
satkhiramc@ac.dghs.gov.bd